

তারিখ : 7 OCT 2002
পৃষ্ঠা : ১০

৫৭ হাজার ছাত্র-ছাত্রীর জন্য দেশে ৪০০ কম্পিউটার পাঠিয়েছে প্রবাসীরা

নাজীমউদ্দিন মোস্তান ॥ প্রবাসী কম্পিউটার ব্যবহারের সুযোগ পায়নি। বাংলাদেশীরা যুক্তরাষ্ট্রের বে' এরিয়ার সহায়তা কম্পিউটারের সাথে বিভিন্ন ধরনের সফটওয়্যার নিয়ে দেশে ৪০০ কম্পিউটার পাঠিয়েছে। এসব ছাড়াও অনেকগুলো প্রিন্টার, স্ক্যানার, ফ্যাক্স কম্পিউটার সংগ্রহ করেছে। স্কুলের ছাত্র-ছাত্রীরা মেশিন, নেটওয়ার্কিং করার আনুষঙ্গিক যন্ত্রাংশ প্রবাসী বাংলাদেশীরা দেশে পাঠানো হয়েছে।

বিদেশের বেশ কিছু প্রতিষ্ঠানের সহযোগিতা নিয়ে এ কাজ করার ফলে প্রায় ৫৭ হাজার ছাত্র-ছাত্রী উপকৃত হবে। এভাবে অনুনত বিশ্বে আরো বিপুল কম্পিউটার প্রযুক্তি নিয়ে আসার সুযোগ আছে। সানফ্রানসিসকো বে এরিয়া'র অধিবাসীরা বাংলাদেশের বিভিন্ন স্কুলের জন্য যে ৪০০টি কম্পিউটার পাঠিয়েছে তা দেশে এসে পৌঁছেছে। এসব কম্পিউটারের আনুমানিক মূল্য প্রায় ১ লাখ ২০ হাজার ডলার। ৯৩টি স্কুলের কমপক্ষে ৫৭ হাজার ছাত্র-ছাত্রী এসব কম্পিউটার ব্যবহার করতে পারবে। এর আগে কখনোই তারা এসব

গত মে মাসে সান মাইক্রো সিস্টেম ও অন্যান্য প্রতিষ্ঠানের কর্মচারী এবং লাইন ক্রক হাইস্কুলের ছাত্র-ছাত্রীসহ প্রায় ৭৫ জনের একটি স্বেচ্ছাসেবী দল কম্পিউটারগুলো সংগ্রহ করে। বে এরিয়ার অধিবাসীরা এই ভেবে আনন্দিত যে, তাদের ব্যবহৃত যেসব কম্পিউটার আপডেড না করার কারণে তারা প্রায় ফেলেই দিচ্ছিল, সেগুলো আবার প্রাণ ফিরে পাবে বাংলাদেশের বিভিন্ন স্কুলে। বে এরিয়ার অধিবাসীদের এই মহতী উদ্যোগকে মূলতঃ সমন্বয় করেছে 'ওয়ার্ল্ড কম্পিউটার এন্ড চেঞ্জ' নামক একটি অলাভজনক প্রতিষ্ঠান।